গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর
(সংস্থাপন শাখা)
www.pirojpur.gov.bd

স্মারক নং- ০৫.১০.৭৯০০.০০৫.১১.০০৮.২০-৫৬

তারিখ ঃ ১৬ মাঘ, ১৪২৬ / ৩০ জানুয়ারি, ২০২০

নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী গবেষণা কোষ এর ২৫.১১.২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০০২.১৭-৪২৫ নং স্মারকের পরিপ্রেক্ষিতে পিরোজপুর জেলার সাধারণ প্রশাসনে নিম্নবর্ণিত ৩য় শ্রেণির (১৩,১৪ ও ১৬ গ্রেডের)শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে পিরোজপুর জেলার স্থায়ী(পুরুষ/ মহিলা) বাসিন্দাদের কাছ থেকে নিম্নলিখিত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে ঃ

ক্রমিক	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর	০১(এক) টি	১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩)	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি খ) কম্পিউটারে Word Processing/ Data Entry ও Typing এবং শর্টহ্যান্ড এর গতি নিম্নরূপ থাকতে হবেঃ [শর্টহ্যান্ড প্রতি মিনিটে ন্যূনতম বাংলা-৫০, ইংরেজি-৮০ শব্দ এবং প্রতি মিনিটে ন্যূনতম বাংলা টাইপ ২৫ ও ইংরেজি টাইপ ৩০ শব্দ]
০২	সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর	০৬(ছয়) টি	১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪)	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি খ) কম্পিউটারে Word Processing/Data Entry ও Typing এবং শর্টহ্যান্ড এর গতি নিম্নরূপ থাকতে হবে ঃ [শর্টহ্যান্ড প্রতি মিনিটে ন্যূনতম বাংলা- ৪৫, ইংরেজি ৭০ শব্দ এবং প্রতি মিনিটে ন্যূনতম বাংলা টাইপ ২৫ ও ইংরেজি টাইপ ৩০ শব্দ]
০৩	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	০৬(ছয়)টি	৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ খ) কম্পিউটারে word Processing/Data Entry ও Typing এর গতি প্রতি মিনিটে ন্যূনতম বাংলা টাইপ ২০ ও ইংরেজি ২০ শব্দ
০৪	সার্টিফিকেট সহকারী	০১(এক)টি	৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ

শর্তাবলী ঃ

০১। আগ্রহী প্রার্থীগণকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯-১২-২০১৪ খ্রি. তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ নম্বর স্মারকে জারিকৃত পরিপত্র অনুযায়ী নির্ধারিত চাকুরির আবেদন ফরম স্পষ্টাক্ষরে স্বহস্তে পূরণপূর্বক আবেদন করতে হবে। আবেদন ফরম জনপ্রশাসন মন্ত্রণালয়ের www.mopa.gov.bd ওয়েবসাইটে অথবা জেলা প্রশাসক, পিরোজপুর-এঁর কার্যালয়ের সংস্থাপন শাখা থেকে অথবা ওয়েবসাইটে (www.bangladesh.gov.bd) পাওয়া যাবে। আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে এবং ছবির অপর পাশে/পিছনে প্রার্থীকে অবশ্যই স্পষ্ট করে নাম লিখতে হবে।

০২। আবেদনপত্র আগামী ২৫-০২-২০২০ তারিখের মধ্যে অফিস চলাকালীন জেলা প্রশাসক, পিরোজপুর বরাবর সরকারি ডাকযোগে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৩। পরীক্ষার ফি বাবদ ১০০.০০ (একশত) টাকা ট্রেজারি চালানে সরকারি কোষাগারে/ ব্যাংকে কোড নং-১-০৭৪২-০০০১-২০৩১ এ জমা প্রদান করতঃ চালানের মূল কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

০৪। প্রার্থীর বয়স ২৫-০২-২০২০ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৫। খামের উপর প্রার্থীকে পদের নাম ও কোটার নাম (যদি থাকে) উল্লেখ করতে হবে।

০৬। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য হবে।

০৭। প্রার্থী কোন সরকারি/ আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/ অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

০৮। নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগবিধি এবং সরকার নির্ধারিত কোটা/ বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

চলমান-২

Scanned by CamScanner

০৯। কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থানে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এক্ষেত্রে কোনপ্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। ভুল তথ্য প্রদান বা তথ্য গোপন করা হলে কিংবা তথ্যের সপক্ষে যথাযথ প্রত্যয়নপত্র দাখিলে ব্যর্থ হলে তা প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে এবং যে কোন সময় এ কারণে নিয়োগ বাতিল করা হবে।

১১। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যে কোন শর্ত সংযোজন/পরিবর্তন এবং পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবেন।

১২। চুড়ান্তভাবে বাছাইকৃত/নিয়োগপ্রাপ্ত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশনে এবং স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ তথ্য পাওয়া গেলে কোন কারণ দর্শানো ব্যতিতই তার নিয়োগ বাতিল করা হবে।

১৩। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন/ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪। প্রার্থীর নাম, ঠিকানা উল্লেখপূর্বক ১০.০০ (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকিটযুক্ত ৯.৫ x ৪.৫ ইঞ্চি বিশিষ্ট একটি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১৫। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার পূর্বে আবেদন ফরমে উল্লেখিত সকল তথ্যের অনুকূলে মূলসনদসমূহ সদস্য-সচিব, বিভাগীয় নির্বাচনী বোর্ড, বরিশাল বরাবর দাখিল করতে হবে।

১৬। **আবেদন ফরমের ১৭ নম্বর কলামে সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর ও সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদের শর্টহ্যান্ড, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের প্রার্থীদের কম্পিউটার প্রশিক্ষণ গ্রহণ সংক্রান্ত তথ্য উল্লেখ করতে হবে (যে পদের জন্য যা প্রযোজ্য)।**

১৭। আবেদন ফরমের সকল কলাম যথাযথভাবে পূরণ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

স্বাক্ষরিত/-
আবু আলী মোঃ সাজ্জাদ হোসেন
জেলা প্রশাসক
পিরোজপুর
ফোন-০৪৬১-৬২৪০০
E-mail: dcpirojpur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.১০.৭৯০০.০০৫.১১.০০৮.২০-৫৬(১০০)

তারিখ ঃ ১৬ মাঘ, ১৪২৬
৩০ জানুয়ারি, ২০২০

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

০১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল ও সভাপতি বিভাগীয় নির্বাচনী বোর্ড, বরিশাল
০৩। উপ-মহা পুলিশ পরিদর্শক, বরিশাল রেঞ্জ ও সদস্য, বিভাগীয় নির্বাচনী বোর্ড, বরিশাল
০৪। জেলা প্রশাসক..............................(সকল)
০৫। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল ও সদস্য, বিভাগীয় নির্বাচনী বোর্ড, বরিশাল
০৬। উপ-পরিচালক, পিএসসি, বরিশাল ও সদস্য, বিভাগীয় নির্বাচনী বোর্ড, বরিশাল
০৭। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব ও সদস্য সচিব, বিভাগীয় নির্বাচনী বোর্ড, বরিশাল

অনুলিপি জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১। পুলিশ সুপার, পিরোজপুর
০২। সিভিল সার্জন, পিরোজপুর
০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পিরোজপুর
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, পিরোজপুর
০৫। মেয়র, পিরোজপুর/ভান্ডারিয়া/মঠবাড়ীয়া/স্বরূপকাঠি পৌরসভা, পিরোজপুর
০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, পিরোজপুর
০৭। উপজেলা নির্বাহী অফিসার, পিরোজপুর সদর/নাজিরপুর/নেছারাবাদ/কাউখালী/ভান্ডারিয়া/মঠবাড়ীয়া/ইন্দুরকানী, পিরোজপুর
০৮। নেজারত ডেপুটি কালেক্টর, পিরোজপুর
০৯। রেভিনিউ ডেপুটি কালেক্টর, পিরোজপুর
১০। সহকারী কমিশনার (ভূমি), পিরোজপুর সদর/নাজিরপুর/নেছারাবাদ/কাউখালী/ভান্ডারিয়া/মঠবাড়ীয়া/ইন্দুরকানী, পিরোজপুর
১১। জেলা তথ্য অফিসার, পিরোজপুর
১২। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, পিরোজপুর
১৩। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নাজিরপুর/নেছারাবাদ/কাউখালী/ভান্ডারিয়া/মঠবাড়ীয়া/ইন্দুরকানী, পিরোজপুর
১৪। সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো,বরিশাল
১৫। সম্পাদক, দৈনিক ইত্তেফাক ও দৈনিক পিরোজপুরের কথা। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকার ভিতরের পাতায় ৩ কলামে ৯ ইঞ্চিতে স্বল্প পরিসরে আগামী .... তারিখের মধ্যে সরকারি ও সাপ্তাহিক ছুটি ব্যতিত ০১ (এক) দিনের জন্য প্রকাশপূর্বক ০৫(পাঁচ) কপি জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর এর সংস্থাপন শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো
১৬। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়ের সাধারণ/রাজস্ব শাখা, পিরোজপুর
১৭। অফিস নথি

৩০/০১/২০২০
জেলা প্রশাসক
পিরোজপুর

Scanned by CamScanner